

ল্যাপটপ ব্যবহার ও সংরক্ষণ নিয়মাবলী/নির্দেশিকা

- ১। প্রথমে ব্যাটারী সংযোগ দিয়ে সর্বনিম্ন ৮ ঘন্টা অনবরত চার্জ দিতে হবে।
- ২। বিদ্যুৎ চলে গেলে ল্যাপটপ চালালে ব্যাটারী ব্যাটারি কোন অবস্থাতেই সম্পূর্ণরূপে ডিচার্জ করা যাবে না। ৩০% চার্জ থাকতে কাজ বন্ধ করতে হবে।
- ৩। ভবনে ইলেক্ট্রিসিটি গ্রাউন্ডিং থাকতে হবে।
- ৪। খ্রীপিন রেকটাংগেল সকেটটি ওয়ালে সেট করতে হবে।
- ৫। বিদ্যুৎ থাকাকালীন সময়ে ল্যাপটপ কানেকশন দিয়ে চালাতে হবে।
- ৬। ল্যাপটপ ৪/৫ দিন অথবা তার চেয়ে বেশীদিন বন্ধ রাখতে হলে ব্যাটারি খুলে রাখতে হবে।
- ৭। ল্যাপটপের সংগে একটি মাউস প্রদান করা হয়েছে যেগুলি সযত্নে সংরক্ষণ করতে হবে।
- ৮। ল্যাপটপের সংগে কী কার্ডসহ এমএস অফিস সফটওয়্যার ও এন্টি ভাইরাস এবং অন্যান্য সফটওয়্যারের সিডি দেয়া আছে। এগুলি সযত্নে সংরক্ষণ করতে হবে।
- ৯। দিনের বেলা ল্যাপটপ ব্যাটারি থেকে চালালে, রাতে ব্যাটারি রিচার্জ করতে হবে।
- ১০। প্রতিনিয়ত ক্লাস রুমে ল্যাপটপ ব্যবহার করতে হবে।
- ১১। বিতরণকৃত সকল ল্যাপটপের ওয়ারেন্টি ৩ বছর কিন্তু ব্যাটারির ওয়ারেন্টি ১ বছর। ল্যাপটপ এর কোন সমস্যা/নষ্ট হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের Web Site www.dpe.gov.bd এর আইসিটি বিষয়ক ব্লক হতে ল্যাপটপ সরবরাহকারী প্রতিষ্ঠানের সহিত যোগাযোগের ঠিকানাসহ যাতবীয় তথ্য জানা যাবে। প্রয়োজনে সরবরাহকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ডিপিইও অফিসে এসে সমাধান করে দিয়ে যাবে।
- ১২। ওয়ারেন্টি সময়ের মধ্যে সমস্যা/নষ্ট হলে স্থানীয়ভাবে কোন ব্যক্তির দ্বারা ল্যাপটপের কোন সফটওয়্যার বা হার্ডওয়্যারের কাজ করানো সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
- ১৩। ওয়ারেন্টি সময়ের মধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠান হতে সার্ভিস না পেলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি-তে যোগাযোগ করতে হবে।
- ১৪। বিভিন্ন সমস্যার সমাধান পেতে প্রতিনিয়ত "প্রাথমিক শিক্ষা আইটি সল্যুশন" নামক facebook পেইজটি ভিজিট করতে হবে।
- ১৫। এ সকল সরঞ্জামাদির সুষ্ঠু ব্যবহার, সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং বিদ্যালয়ের নিজস্ব ব্যবস্থাপনায় রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ১৬। এ সকল সরঞ্জামাদি হারানো/চুরি হলে নিকটবর্তী থানায় জিডিসহ সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের মাধ্যমে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কে অবহিত করতে হবে। কার অবহেলার জন্য হারানো/চুরি হয়ে গেলে তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

Sany

